

Deutsche Welle 53110 Bonn

তারিখ: ১৬-০৪-২০১০

ডয়চে ভেলে সেরা বাংলা ব্লগ পুরস্কার জিতলেন আলী মাহমেদ

বেস্ট অফ ব্লগস বা সেরা ব্লগ প্রতিযোগিতার ষষ্ঠ আসরের চূড়ান্ত বিজয়ীদের নাম ঘোষণা করলো জার্মানির আন্তর্জাতিক সম্প্রচার কেন্দ্র ডয়চে ভেলে। যাতে আলী মাহমেদ-এর ব্লগ উঠে এলো শ্রেষ্ঠ বাংলা ব্লগ হিসেবে। এছাড়া ইংরেজি ব্লগ 'উশাহিদি' জিতে নিলো শ্রেষ্ঠ ওয়েব্লগ-এর পুরস্কার। ১৫ই এপ্রিল জার্মানির রাজধানী বার্লিনে অনুষ্ঠিত এক সম্মেলন থেকে ঘোষণা করা হয় বিজয়ীদের নাম।

এই প্রথম, বিশ্বের অন্যতম বড় এই আসরে যুক্ত হয় বাংলা ভাষা। চূড়ান্ত বিজয়ী নির্ধারণের সময় বাংলা ভাষার বেশ কয়েকটি ব্লগ ভালোভাবেই জায়গা করে নেয়।


ভাষা অনুযায়ী সেরা বাংলা ব্লগের পুরস্কারটি জয় করেছেন আলী মাহমেদ। এই প্রসঙ্গে বাংলা ভাষার জুরি বাংলাদেশের অন্যতম ব্লগ সাইট সামহোয়ারইন ব্লগ ডট নেট থেকে আসা সৈয়দা গুলশান ফেরদৌস জানা বলেন, "আলী মাহমেদ খুব আন্তরিকতার সঙ্গে ব্লগিং করেন এবং খুবই জনপ্রিয়। ওনার মেধা এবং ওনার সেন্স অফ হিউমার এতো শার্প যে খুব ভাল আলোচনা হয় ওনার ব্লগে। এছাড়া, উনি একাধিক বই লিখেছেন।"

এবছর বিজয়ী নির্ধারণের ব্যাপারটা এতো সহজ ছিল না। কারণ, বেস্ট অফ ব্লগস (সংক্ষেপে ববস) এর এবারের প্রতিযোগিতায় শুধু যে ১১টি ভাষা অংশগ্রহণ করেছিল - তাই নয়, বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে জমা পড়েছিল মোট ৮,৩০০টি ব্লগ।

প্রসঙ্গত, ২০১০ সালের জুনে জার্মানির বন শহরে অনুষ্ঠিতব্য গ্লোবাল মিডিয়া ফোরাম-এ বেস্ট অফ ব্লগস অ্যাওয়ার্ড বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে।

এ সম্পর্কে আরো বিস্তারিত জানতে ভিজিট করুন: www.dw-world.de/bengali

শুভেচ্ছান্তে,



আব্দুল্লাহ আল-ফারুক

প্রধান, বাংলা বিভাগ

ডয়চে ভেলে